# 124202 - রোযাদারের জন্য নাকের ইনহেলার ব্যবহার করার হুকুম

প্রশ্ন

নাকের ইনহেলার ব্যবহার করার হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

"জরুরী অবস্থায় সেটা ব্যবহার করতে কোনো অসুবিধা নাই। আর যদি রাত পর্যন্ত দেরী করা সম্ভব হয়; তাহলে সেটা করা সতর্কতাপূর্ণ।"[সমাপ্ত]

মাননীয় শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ)

মাজমুউ ফাতাওয়াস শাইখ বিন বায (১৫/২৬৪)

ইসলামী ফিকাহ একাডেমী-এর সিদ্ধান্তে এসেছে:

"নিম্নোক্ত বিষয়গুলো রোযা ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না...চোখের ড্রপ, নাকের ড্রপ, কানের ক্লিনার, নাকের ড্রপ, নাকের ইনহেলার; যদি এ ঔষুধগুলোর কিংদাংশ গলার ভেতরে চলে যায় তাহলে যেন গিলে না ফেলে।"[একাডেমীর ম্যাগাজিন (১০/২/৪৫৪ থেকে সমাপ্ত]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।